তারিখ 27 SEP 2016
পৃষ্ঠা ০৭ কলাম ৩

সমকাল

### ঘুষ দাবি করে ভালুকায় স্কুলে তালা

# দুর্নীতির অভিযোগে সেই ইউপি সদস্য গ্রেফতার

■ **সমকাল প্রতিবেদক ও ভালুকা (ময়মনসিংহ) প্রতিনিধি**

বিদেশি অর্থায়নে নির্মিত একটি প্রাথমিক বিদ্যালয়ে তালা ঝুলিয়ে ঘুষ দাবি করার অভিযোগে ময়মনসিংহের ভালুকার হবির বাড়ি ইউনিয়ন পরিষদ (ইউপি) সদস্য রফিকুল ইসলামকে গ্রেফতার করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গতকাল সোমবার দুদক উপ-পরিচালক এসএম রফিকুল ইসলাম ভালুকা থেকে তাকে গ্রেফতার করেন। গতকাল দুর্নীতির অভিযোগে ফরিদপুর জেলার ফরিদপুর ইউনিয়ন ভূমি অফিসের ভূমি সহকারী আবুল বাশারকে ফরিদপুর সদর থেকে এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ জিয়াউর রহমান হলের সিনিয়র সহকারী খালেক হোসেনকে গ্রেফতার করা হয়।


মো. রফিকুল ইসলাম

দুদক সূত্র জানায়, স্পেনের বেসরকারি সংস্থা এডুকেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের অর্থায়নে ভালুকা উপজেলার হবির ইউনিয়নে গ্যানগেটিয়া অ্যাডুকো শিক্ষালয় নামে সম্প্রতি একটি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা হয়। গত ১০ আগস্ট স্কুলটি উদ্বোধনের দিন ইউপি সদস্য রফিকুল ইসলাম বাধা দেন। তিনি স্কুল কর্তৃপক্ষের কাছে ২ লাখ টাকা ঘুষ দাবি করেন। ঘুষ দিতে অপারগতার কথা জানানো হলে তিনি বিদ্যালয়ের সব কক্ষে তালা ঝুলিয়ে দেন।

অবশেষে স্কুল কর্তৃপক্ষ এ ব্যাপারে ভালুকা থানায় একটি অভিযোগ দায়ের করেন। থানা থেকে অভিযোগ দুদকে পাঠানো হয়। দুদক উপ-পরিচালক এসএম রফিকুল ইসলাম ক্ষমতার অপব্যবহার করে ঘুষ দাবি করে স্কুলটি বন্ধ করে দেওয়ার অভিযোগে রফিকুল ইসলামকে গ্রেফতার করেন এবং স্কুলটি খুলে দেন। ১৭৫ আসনের ওই স্কুলটি এখন ছাত্র-ছাত্রীর পদচারণায় মুখরিত। দুদক তদন্ত শেষে রফিকুল ইসলামের বিরুদ্ধে আদালতে খুব শিগগির চার্জশিট পেশ করবে।

এসি-ল্যান্ডের (সহকারী কমিশনার-ভূমি) সিল, সই জাল করে জাল কাগজপত্র ব্যবহার করার অভিযোগে ফরিদপুর ইউনিয়ন ভূমি অফিসের ভূমি সহকারী আবুল বাশারকে এবং চাকরি দেওয়ার নামে জনৈক আক্কাস আলীর কাছ থেকে ৯ লাখ টাকা ঘুষ নেওয়ার অভিযোগে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ জিয়াউর রহমান হলের সিনিয়র সহকারী খালেক হোসেনকে গতকাল গ্রেফতার করা হয়েছে।

## কেরানীগঞ্জে ৫টি স্কুলের নতুন ভবন উদ্বোধন

■ **কেরানীগঞ্জ (ঢাকা) প্রতিনিধি**

ঢাকার কেরানীগঞ্জ উপজেলার এলজিইডির বাস্তবায়নে পাঁচটি স্কুলের নতুন ভবন উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান শাহীন আহমেদ। গতকাল সোমবার সকাল ১০টায় প্রথমে আমবাগিচা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধনের পর পর্যায়ক্রমে দোলেশ্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়, চরবাঘাগুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, লাকিরচর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও উপজেলা শিক্ষা অফিসের সম্প্রসারিত ভবন উদ্বোধন শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপজেলা চেয়ারম্যান শাহীন আহমেদ বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের আমলে কেরানীগঞ্জে শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন হয়েছে বেশি। পাঁচটি স্কুল নির্মাণ করতে প্রায় চার কোটি টাকা ব্যয় হয়।

কেরানীগঞ্জে ১৭টি স্কুল সরকারিকরণ হবে বলে জানা গেছে। এরই মধ্যে ১২৮টি স্কুলে কম্পিউটার বিতরণ করা হয়েছে। কেরানীগঞ্জে তিনটি স্কুলে মিড-ডে মিল চালু করেছে উপজেলা পরিষদ।